ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮০৫

কুমারঘাট, ১০ সেপ্টেম্বর, ২০২৫

# রাজকান্দিতে বিজ্ঞানভিত্তিক শূকর পালনের উপর প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত

রাজকান্দির এডিসির ঊনকোটি জোনাল অফিসের কমিউনিটি হলে গতকাল বিজ্ঞানভিত্তিক শূকর পালনের উপর একদিবসীয় প্রশিক্ষণ শিবির ও শূকর পালকদের মধ্যে শূকরের পুষ্টিকর খাবার ও খাবারের বাসনপত্র বিতরণ করা হয়। গুয়াহাটির আই.সি.এ.আর.-এর শূকর সম্পর্কিত জাতীয় গবেষণা কেন্দ্রের উদ্যোগে ও প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। তিনি বলেন, বিজ্ঞানভিত্তিক শূকর পালন ও শূকর পালকদের আয় বৃদ্ধিতে এই জাতীয় উদ্যোগ প্রশংসনীয়। এতে শূকরের মাংসের যে চাহিদা রয়েছে তা পূরণেও সহায়ক হবে। পাশাপাশি গ্রামের শূকর পালকরা এই শিবিরের মাধ্যমে লাভবান হবেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গুয়াহাটির আই.সি.এ.আর.-এর শূকর সম্পর্কিত জাতীয় গবেষণা কেন্দ্রের অধিকর্তা ডা. বিবেক কুমার গুপ্ত, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের অধিকর্তা ডা. বি.কে. দাস, এডিসির প্রিন্সিপাল ভেটেরিনারি অফিসার ডা. আর. দেবনাথ প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস। টেকনিক্যাল সেশনে বিজ্ঞানভিত্তিক শূকর পালনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন আই.সি.এ.আর.-এর জাতীয় শূকর সম্পর্কিত গবেষণা কেন্দ্রের বরিষ্ঠ বিজ্ঞানী ডা. রাজীব দেব, ডা. প্রিয়জ্যোতি কর, ডা. কল্যাণ দে, ত্রিপুরা ভেটেরিনারি কলেজের সহযোগী অধ্যাপক ডা. চিন্তু দেববর্মা, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপ-অধিকর্তা জেসমিন দেববর্মা ও সহ-অধিকর্তা বিকাশ দেবনাথ।

শিবিরে ২৫০ জন জনজাতি শূকর পালকের মধ্যে ৫০ টন শূকরের খাবার, ২৫০ কেজি মিনারেল মিকচার, শূকরের খাবারের বাসনপত্র ও শূকর পালনের সুবিধার জন্য গাম্বুট প্রদান করা হয়।

*****